

শিক্ষকদের মৌন মিছিল

ক্যাম্পাসে সন্ত্রাসী ঘটনার আশু বিচার দাবী

(ইত্তেফাক রিপোর্ট)
সাংবাদিকতা বিভাগের শিক্ষক
ডঃ আরেফিন সিদ্দিককে প্রাণ-

নাশের হুমকির ঘটনাসহ ক্যাম্পাসে
সংগঠিত সকল সন্ত্রাসী ঘটনার
বিচারের দাবীতে ঢাকা বিশ্ব-
বিদ্যালয় শিক্ষক সমিতি গত-
কাল (মঙ্গলবার) ক্যাম্পাসে মৌন
মিছিল বাহির করে। মিছিলটি
অপরাজেয় বাংলার পাদদেশ হইতে
শুরু হয় এবং কেন্দ্রীয় শহীদ

(১১শ পৃ: ২-এর ক:স্র:)

বিচার দাবী

(১ম পৃ: পর)

মিনার চত্বরে পৌছার পর সেখানে
এক সমাবেশের আয়োজন করা
হয়। সমাবেশে আগামী ১৫
দিনের মধ্যে ডঃ আরেফিনকে
প্রাণনাশের হুমকি এবং জহরুল
হক হলের প্রভোষ্টের উপর হাম-
লার ঘটনাসহ সকল সন্ত্রাসী ঘটনার
বিচার দাবী করা হয়। শিক্ষক
সমিতির সভাপতি প্রফেসর
আনোয়ারুল্লাহ চৌধুরী, সাধারণ
সম্পাদক প্রফেসর মোঃ শাহাদাৎ
আলী সমাবেশে বক্তৃতা করেন।

প্রফেসর আনোয়ারুল্লাহ চৌধুরী
বলেন, ক্যাম্পাসে সৃষ্ট শিক্ষা
জীবনের স্বার্থে সকল সন্ত্রাসী
ঘটনার বিচার হওয়া উচিত। তিনি
বাস দুর্ঘটনায় নিহতদের পরি-
বারের প্রতি সমবেদনা জ্ঞাপন
করেন। প্রফেসর মোঃ শাহাদাৎ
আলী বলেন, ইতিপূর্বে ছাত্রী

মিছিলে হামলা, মোহসীন হলের
প্রভোষ্টকে লক্ষ্য করিয়া গুলী
বর্ষণের ঘটনায় বিচার না হওয়ায়
ক্যাম্পাসে সন্ত্রাসী কর্মকাণ্ড অব্যা-
হত রহিয়াছে। এইসব ঘটনার
বিচার করা না হইলে ব্যাপক
আন্দোলন গড়িয়া তোলা হইবে।

একই দাবীতে ঢাকা বিশ্ব-
বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ গতকাল
সকাল ১১টা হইতে বেলা ১টা
পর্যন্ত প্রতীক ধর্মঘট পালন করে।

ছাত্রদের দাবী

এদিকে ছাত্রদল ঢাকা বিশ্ব-
বিদ্যালয় শাখা গতকাল ডাকসু
ভবনের সম্মুখে এক সভায় অবি-
লম্বে ক্যাম্পাসে সংঘটিত সকল
সন্ত্রাসী ঘটনার বিচার দাবী করি-
য়াছে। সভায় বক্তাগণ ক্যাম্পাসে
সংঘটিত বিভিন্ন সন্ত্রাসী ঘটনার
উল্লেখ করিয়া বলেন, সাংবাদিকতা
বিভাগের শিক্ষক ডঃ আরেফিনকে
লাঞ্ছিত করার ঘটনা মানিয়া নেওয়া
যায় না। পাশাপাশি জহরুল হক
হলের প্রভোষ্টকে হামলা এবং
ভিসির সম্মুখে অস্ত্র প্রদর্শনের
ঘটনাকে খাটো করিয়া দেখা উচিত
হইবে না। সভায় সকল ঘটনার
বিচার দাবী করা হয়। ছাত্রনেতা
ইলিয়াস আলী, গৌতম মিত্র
সভায় বক্তৃতা করেন। পূর্বে

ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল বাহির
করা হয়।

আজ জরুরী সভা

আজ (বুধবার) ছাত্রদল ঢাকা
বিশ্ববিদ্যালয় শাখা এক জরুরী
সভার আয়োজন করিয়াছে। সকাল
১০টায় ডাকসু ভবনে এই সভা
অনুষ্ঠিত হইবে।

চাঁদা আদায় করা যাইবে না

এই মে জাতীয়তাবাদী ছাত্র-
দলের কেন্দ্রীয় সম্মেলন উপলক্ষে
চাঁদা আদায় করা যাইবে না
বলিয়া ছাত্রদল এক বিবৃতি
প্রদান করিয়াছে। গতকাল আব্দুল
মালেক স্বাক্ষরিত ছাত্র দলের এই
বিবৃতিতে কেহ সম্মেলনের নামে
চাঁদা আদায়ের চেষ্টা করিলে
তাঁহাকে আইন-শৃঙ্খলা রক্ষাকারী
কর্তৃপক্ষের হাতে সোপর্দ করা
অথবা ৮১২৬৭২, ৩২৯৩৭৬ টেলি-
ফোন নম্বরে জানানোর আহ্বান
জানান হয়।